

# মানবকণ্ঠ

শনিবার

২৪ ফেব্রুয়ারি ২০২৪

১১ ফাল্গুন ১৪৩০



## বিদেশি ভাষা শেখার ১০ প্রতিষ্ঠান

### বাতিঘর ডেস্ক

সফল ক্যারিয়ার গঠনের ক্ষেত্রে ভাষা শেখার বিকল্প নেই। পৃথিবীর যে কোনো দেশেই পড়াশোনা করতে এবং বিদেশি প্রতিষ্ঠানে চাকরি করতে হলে সংশ্লিষ্ট দেশের ভাষা জানা প্রার্থীকেই দেয়া হয় অগ্রাধিকার। এবার আমরা জানবো এমন দশটি প্রতিষ্ঠানের তথ্য, যেখানে শেখানো হয় বিদেশি ভাষা।

সার্টিফিকেট কোর্সে ভর্তির জন্য ন্যূনতম এইচএসসি সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

**নর্থ সাউথ ইউনিভার্সিটি:** নর্থ সাউথ ইউনিভার্সিটির কনফুসিয়াস ইনস্টিটিউটে চীনা ভাষা শেখার সুযোগ আছে। বেসিক চায়নিজ ও স্পিকিং চায়নিজ কোর্সে ভর্তি হতে পারেন। চারটি লেভেলে চীনা ভাষা শেখার সুযোগ আছে।

**ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশ:** ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশে কোরিয়ান সরকারের সহযোগিতায় পরিচালিত হচ্ছে কিং সেজং ইনস্টিটিউট। এখান থেকে কোরিয়ান ভাষা

হবে। বিশ্ববিদ্যালয়ের ভাষা শিক্ষা কেন্দ্র অফিসে (টিএসসি ভবন) যোগাযোগ করে বিস্তারিত জানতে পারেন। অথবা দেখুন গত বছরের ভর্তি বিজ্ঞপ্তি।  
**রাজশাহী বিশ্ববিদ্যালয়:** রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ইংলিশ অ্যান্ড আদার ল্যাঙ্গুয়েজ ইনস্টিটিউটের অধীন ১০টি ভাষার ওপর সার্টিফিকেট কোর্সে ভর্তি হওয়ার সুযোগ আছে। বিভিন্ন কোর্সের মেয়াদ ৬ মাস। সার্টিফিকেট কোর্সের অংশ হিসেবে ইংরেজি, ফরাসি, জার্মান, জাপানি, চীনা, হিন্দি, স্প্যানিশ, রুশ, কোরিয়ান ভাষা শিখতে পারেন। ভর্তি-ইচ্ছুক শিক্ষার্থীদের সার্টিফিকেট কোর্সে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ অথবা জিপিএ ২.৫০ থাকতে হবে।

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়:** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ইংরেজি, ফরাসি, জার্মান, জাপানি, চীনা, আরবি ও ফারসি ভাষার সার্টিফিকেট ও ডিপ্লোমা কোর্সে ভর্তির সুযোগ আছে। বিশ্ববিদ্যালয়ের আধুনিক ভাষা ইনস্টিটিউটে ভর্তি হতে এইচএসসি ও সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

**আলিয়াস ফ্রসেজ:** আলিয়াস ফ্রসেজে ফরাসি ভাষা শিক্ষার পাশাপাশি ফরাসি সংস্কৃতি সম্পর্কে জানার নানা সুযোগ আছে। এ প্রতিষ্ঠান থেকে ফরাসি ভাষার আন্তর্জাতিক ডিপ্লোমা ডিইএলএফ, ডিএএলএফ, টিইএফসহ বিভিন্ন সনদ নিতে পারেন। শিগু থেকে শুরু করে বৃদ্ধ—যে কেউই নির্ধারিত ফির বিনিময়ে শিখতে পারবেন।

**গ্যেটে ইনস্টিটিউট:** গ্যেটে ইনস্টিটিউটে শিখতে পারেন জার্মান ভাষা। এখানে জার্মান ভাষার বিভিন্ন পর্যায়ের সনদ নেয়ার সুযোগ আছে। নির্ধারিত ফি দিয়ে ভর্তি হতে পারবেন যে কেউ।

**ইন্দিরা গান্ধী কালচারাল সেন্টার:** ঢাকার ভারতীয় হাইকমিশনের ইন্দিরা গান্ধী কালচারাল সেন্টারে হিন্দি ভাষা শেখার সুযোগ আছে। যে কেউ হিন্দি ভাষা শেখার জন্য নাম নিবন্ধন করতে পারেন।

**রাশিয়ান হাউস ইন ঢাকা:** রাশিয়ান হাউস ইন ঢাকায় রুশ ভাষা শেখার সুযোগ আছে। ৯ মাসে ৩ সেমিস্টারে বিভক্ত ক্লাস। নির্ধারিত ফি দিয়ে ভর্তি হতে পারবেন যে কেউ।



**ঢাকা বিশ্ববিদ্যালয়:** ঢাকা বিশ্ববিদ্যালয়ের আধুনিক ভাষা ইনস্টিটিউটে বিদেশি ভাষা শেখার সুযোগ আছে। আরবি, চীনা, ইংরেজি, ফরাসি, জার্মান, ইতালীয়, জাপানি, ফারসি, রুশ, স্প্যানিশ, কোরীয়, তুর্কি ও হিন্দি শিখতে পারেন। জুনিয়র

শেখার সুযোগ আছে। বেসিক থেকে ইন্টারমিডিয়েট লেভেল পর্যন্ত শেখা যায়।

**জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়:** জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ইংরেজি, ফরাসি, জাপানি, জার্মান, চীনা, কোরিয়ান ও স্প্যানিশ ভাষা শিখতে পারেন। কোর্সে ভর্তি হতে ন্যূনতম এইচএসসি পাস হতে